গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পরিবীক্ষণ ও বাস্তবায়ন অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের চলমান উন্নয়ন প্রকল্পসমূহ সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে শুষ্ক মৌসুমে প্রকল্প এলাকায় মোবিলাইজেশন কার্যক্রমের হালনাগাদ অগ্রগতির উপর পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	২০ জানুয়ারী ২০২১
সভার সময়	দুপুর ১.০০ ঘটিকা
স্থান	পানি ভবনের সম্মেলন কক্ষ (লেভেল-৬, ব্লক-সি,), ৭২ গ্রীন রোড, ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট “ক”

সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভার পটভূমি তুলে ধরে বলেন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের চলমান উন্নয়ন প্রকল্পসমূহের সুষ্ঠু বাস্তবায়ন ও প্রকল্প সম্পন্ন করার ক্ষেত্রে শুষ্ক মৌসুম অর্থাৎ ডিসেম্বর থেকে এপ্রিল পর্যন্ত ৫ মাস সময়ের যথাযথ ব্যবহার খুবই গুরুত্বপূর্ণ। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পসমূহের বাস্তবায়ন নির্ভর করছে প্রকল্প সাইটে মোবিলাইজেশন কার্যক্রমের তৎপরতার উপর। শুষ্ক মৌসুমের শুরুতেই মোবিলাইজেশন কার্যক্রম সম্পন্ন না হলে প্রকল্পের বাস্তবায়ন নির্দিষ্ট সময়ে সমাপ্ত করা কঠিন। এ সব প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন হলে মন্ত্রণালয়ের প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি অনেক বেড়ে যাবে। এ কারণে তিনি মোবিলাইজেশন কার্যক্রমের পরিবীক্ষণের উপর গুরুত্বারোপ করেন।

২। আলোচনা ও সিদ্ধান্ত:

২০২০-২১ অর্থ বছরে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন চলমান উন্নয়ন প্রকল্পসমূহের মোবিলাইজেশন কার্যক্রম বিষয়ে আলোচনা ও তার পরিপ্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

ক্র.	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী (সময়সীমা)

১.	**“চাঁদপুর সেচ প্রকল্পের চর বাগাদী পাম্প হাউস ও হাজিমারা রেগুলেটর পুনর্বাসন”** শীর্ষক প্রকল্পের মোট ৯টি প্যাকেজের মধ্যে ৬টি প্যাকেজের দরপত্র আহবানের বিষয়ে বিশদ আলোচনা হয়। উক্ত প্রকল্পের পাম্প সরবরাহ, স্থাপন, পরিবীক্ষণ এবং চালুকরন ও আনুষঙ্গিক কাজের বিষয়ে গঠিত কমিটির দাখিলকৃত প্রতিবেদনে ২টি প্রস্তাব সুপারিশ করা হয়। একটি প্রস্তাব হচ্ছে সম্পূর্ণ নূতন পাম্প হাইজ তৈরী করা এবং অপর প্রস্তাবটি হচ্ছে ডিপিপি মূল্যের মধ্যে সীমাবদ্ধ রেখে বর্তমান পাম্পগুলো প্রতিস্থাপন করা। সভাপতি গত ০৫-০৭-২০২০ তারিখে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তের উদ্ধৃতি দিয়ে বলেন যে, বর্তমান পাম্পগুলো নতুন পাম্প দ্বারা প্রতিস্থাপন করতে হবে এবং বিদ্যমান পাম্পগুলো মেরামত করে stand by রাখতে হবে। দীর্ঘ দিন অতিবাহিত হলেও এ বিষয়ে কোন কার্যকরী পদক্ষেপ নেয়া হয়নি বিধায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। অবশিষ্ট ৬টি প্যাকেজের দরপত্র দ্রুত আহবানের জন্য তিনি পুনরায় অনুরোধ করেন।	**“চাঁদপুর সেচ প্রকল্পের চর বাগাদী পাম্প হাউস ও হাজিমারা রেগুলেটর পুনর্বাসন”** শীর্ষক প্রকল্পের বর্তমান পাম্পগুলো নতুন পাম্প দ্বারা প্রতিস্থাপন করার লক্ষ্যে অবশিষ্ট ৬টি প্যাকেজের দরপত্র দ্রুত আহবান করতে হবে।	প্রধান প্রকৌশলী (প্রযোজ্য ক্ষেত্রে দরপত্র আহ্বান; যথাশীঘ্র)
২.	**“সুনামগঞ্জ জেলার দোয়ারাবাজার ও ছাতক উপজেলার আওতাধীন সুরমা নদীর ডানতীরে অবস্থিত দোয়ারাবাজার উপজেলা পরিষদ কমপ্লেক্স, লক্ষীবাউর ও বেতুরা এলাকায় নদীতীর সংরক্ষণ প্রকল্প”** এর আওতাধীন ১টি প্যাকেজ এবং **“হবিগঞ্জ জেলার বিবিয়ানা বিদ্যুৎ কেন্দ্রসমূহের সম্মুখে কুশিয়ারা নদীর উভয় তীরের ভাঙ্গন রোধ প্রকল্প”** এর আওতাধীন ৮টি প্যাকেজ মোট ৯টি প্যাকেজের দরপত্র আহবান না করার কারণ সম্পর্কে আলোচনা করা হয়। সিলেট জোনের প্রধান প্রকৌশলী সভাকে জানান যে, বাপাউবো’র ৫টি প্যাকেজের স্থানে বিআইডব্লিউটিএ ড্রেজিং কাজ করছে বিধায় উক্ত প্যাকেজগুলোর কাজ প্রয়োজন হবে না। এ ছাড়া প্রকল্প দুইটির যথাক্রমে ৬টি ও ১টি প্যাকেজের চলমান মোবিলাইজেশন কার্যক্রম বিষয়ে আলোচনা হয়। শুষ্ক মৌসুমের উল্লেখযোগ্য সময় অতিবাহিত হলেও উল্লিখিত ৭টি প্যাকেজের মোবিলাইজেশন সম্পন্ন না হওয়ায় সভাপতি অসন্তোষ ব্যক্ত করেন।	**“সুনামগঞ্জ জেলার দোয়ারাবাজার ও ছাতক উপজেলার আওতাধীন সুরমা নদীর ডানতীরে অবস্থিত দোয়ারাবাজার উপজেলা পরিষদ কমপ্লেক্স, লক্ষীবাউর ও বেতুরা এলাকায় নদীতীর সংরক্ষণ প্রকল্প”** এবং **“হবিগঞ্জ জেলার বিবিয়ানা বিদ্যুৎ কেন্দ্রসমূহের সম্মুখে কুশিয়ারা নদীর উভয় তীরের ভাঙ্গন রোধ প্রকল্প”** এর অবশিষ্ট প্যাকেজগুলোর দরপত্র দ্রুত আহবান করতে হবে। চলমান প্রকল্প দুইটির ৭টি প্যাকেজের মোবিলাইজেশন কার্যক্রম প্রধান প্রকৌশলী ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন এবং ১৫ দিনের মধ্যে মোবিলাইজেশন সম্পন্ন না হলে দরপত্র বাতিল করতে হবে।	প্রধান প্রকৌশলী (প্রযোজ্য ক্ষেত্রে দরপত্র আহ্বান; যথাশীঘ্র) এবং পানি সম্পদ মন্ত্রণালয়
৩.	চট্টগ্রাম জোনের আওতাধীন চলমান প্রকল্পগুলোর মধ্যে যে ১৬টি প্যাকেজের মোবিলাইজেশন কার্যক্রম শুরু হয়নি তাদের মধ্যে “চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলার পোল্ডার নং ৬৪/১এ, ৬৪/১বি এবং ৬৪/১সি এর সমন্বয়ে ক্ষতিগ্রস্ত অবকাঠামোসমূহের পূনর্বাসন প্রকল্প (২য় সংশোধিত)” এর ৭টি প্যাকেজ ব্যতীত বাকী ৯টি প্যাকেজের মোবিলাইজেশন শীঘ্রই শুরু হবে বলে সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী সভাকে অবহিত করেন। উল্লিখিত প্রকল্পের ৭টি প্যাকেজের দরপত্র বাতিলের জন্য প্রকল্প স্টিয়ারিং কমিটির গত সভায় সিদ্ধান্ত হয়েছে। তিনি সভাকে আরও জানান, চলতি অর্থ বছরে যে ৮টি প্যাকেজের দরপত্র আহবান করা হয়নি সে বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।	চট্টগ্রাম জোনের আওতাধীন চলমান প্রকল্পগুলোর মধ্যে যে ৯টি প্যাকেজের মোবিলাইজেশন শুরু হয়নি তা দ্রুত শুরু করতে হবে। চলতি অর্থ বছরে অবশিষ্ট প্যাকেজগুলোর দরপত্র আহবানের লক্ষ্যে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রধান প্রকৌশলী (প্রযোজ্য ক্ষেত্রে দরপত্র আহ্বান; যথাশীঘ্র)

৪.	রংপুর জোনের প্রধান প্রকৌশলী জানান, **"কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর, রাজারহাট ও ফুলবাড়ী উপজেলাধীন ধরলা নদীর বন্যা নিয়ন্ত্রণসহ বাম ও ডান তীর সংরক্ষণ প্রকল্প"** এর ৩০টি প্যাকেজের দরপত্র শীঘ্রই আহবান করা হবে। প্রকল্পটির যে ১০টি প্যাকেজের মোবিলাইজেশন শুরু হয়েছে তা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করার জন্য প্রধান প্রকৌশলী ও তত্ত্বাবধায়ক প্রকৌশলীকে সভাপতি নির্দেশনা দেন। নির্ধারিত সময়ের মধ্যে মোবিলাইজেশন সম্পন্ন না হলে দরপত্র বাতিলের নির্দেশ দেন।	**"কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর, রাজারহাট ও ফুলবাড়ী উপজেলাধীন ধরলা নদীর বন্যা নিয়ন্ত্রণসহ বাম ও ডান তীর সংরক্ষণ প্রকল্প"** এর ৩০টি প্যাকেজের দরপত্র আগামী ৭ দিনের মধ্যে আহবান করতে হবে। প্রকল্পটির চলমান ১০টি প্যাকেজের মোবিলাইজেশন সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন এবং ১৫ দিনের মধ্যে মোবিলাইজেশন সম্পন্ন না হলে দরপত্র বাতিল করতে হবে।	প্রধান প্রকৌশলী (প্রযোজ্য ক্ষেত্রে দরপত্র আহ্বান; যথাশীঘ্র) এবং পানি সম্পদ মন্ত্রণালয়।
৫.	রাজশাহী জোনের প্রধান প্রকৌশলী জানান, "পদ্মা নদীর ভাঙ্গন হতে চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলার চরবাগডাঙ্গা ও শাজাহানপুর এলাকা রক্ষা প্রকল্প" এর ৫টি প্যাকেজ এবং "রাজশাহী জেলার চারঘাট ও বাঘা উপজেলায় পদ্মা নদীর বাম তীরে স্থাপনাসমূহ নদী ভাঙ্গন হতে রক্ষা প্রকল্প" এর ৩টি প্যাকেজের দরপত্র আহবান প্রক্রিয়াধীন আছে। **"পদ্মা নদীর ভাঙ্গন হতে চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলার চরবাগডাঙ্গা ও শাজাহানপুর এলাকা রক্ষা প্রকল্প"** এর ১৮টি প্যাকেজ, "নাটোর জেলার সিংড়া পৌরসভা এলাকা আত্রাই ও নাগর নদীর ভাংগন হইতে রক্ষা প্রকল্প (১ম সংশোধিত)" এর ২টি প্যাকেজ এবং "জয়পুরহাট জেলার তুলশীগঙ্গা, ছোট যমুনা, চিড়ি ও হারাবতি নদী পুনঃখনন প্রকল্প" এর ৩টি প্যাকেজের মোবিলাইজেশন কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণ করার জন্য প্রধান প্রকৌশলী ও তত্ত্বাবধায়ক প্রকৌশলীকে সভাপতি নির্দেশনা দেন। নির্ধারিত সময়ের মধ্যে মোবিলাইজেশন সম্পন্ন না হলে দরপত্র বাতিলের নির্দেশ দেন।	**"পদ্মা নদীর ভাঙ্গন হতে চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলার চরবাগডাঙ্গা ও শাজাহানপুর এলাকা রক্ষা প্রকল্প"** এর ১৮টি প্যাকেজ, "নাটোর জেলার সিংড়া পৌরসভা এলাকা আত্রাই ও নাগর নদীর ভাংগন হইতে রক্ষা প্রকল্প (১ম সংশোধিত)" এর ২টি প্যাকেজ এবং "জয়পুরহাট জেলার তুলশীগঙ্গা, ছোট যমুনা, চিড়ি ও হারাবতি নদী পুনঃখনন প্রকল্প" এর ৩টি প্যাকেজের মোবিলাইজেশন সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন। আগামী ১৫ দিনের মধ্যে মোবিলাইজেশন সম্পন্ন না হলে দরপত্র বাতিল করতে হবে।	প্রধান প্রকৌশলী এবং পানি সম্পদ মন্ত্রণালয়।
৬.	খুলনা জোনের প্রধান প্রকৌশলী জানান, **"মধুমতি-নবগঙ্গা উপ-প্রকল্প পুনর্বাসন ও নবগঙ্গা নদী পুনঃখনন/ড্রেজিং এর মাধ্যমে পুনরুজ্জীবন ও পরিবেশগত ভারসাম্য রক্ষা প্রকল্প"** এর ৫টি প্যাকেজের বিভিন্ন স্থানে খননের বিরুদ্ধে মামলা রুজু করায় কাজের অগ্রগতি ব্যাহত হচ্ছে। এই প্রকল্পের অবশিষ্ট যে প্যাকেজগুলোর দরপত্র আহবান করা হয়নি তা শীঘ্রই আহবান করা হবে। তিনি আরও জানান যে, "ভৈরব রিভার বেসিন এলাকার জলাবদ্ধতা দূরীকরণ ও টেকসই পানি ব্যবস্থাপনা উন্নয়ন প্রকল্প (১ম সংশোধনী প্রক্রিয়াধীন)" এর ৩টি প্যাকেজের মোবিলাইজেশন বিষয়ে ঠিকাদারি প্রতিষ্ঠান ডলি কন্সট্রাকশন লিঃ এর সাথে আলোচনা চলছে। শীঘ্রই মোবিলাইজেশন শুরু হবে ।	**"মধুমতি-নবগঙ্গা উপ-প্রকল্প পুনর্বাসন ও নবগঙ্গা নদী পুনঃখনন/ড্রেজিং এর মাধ্যমে পুনরুজ্জীবন ও পরিবেশগত ভারসাম্য রক্ষা প্রকল্প"** এর অবশিষ্ট প্যাকেজগুলোর দরপত্র ৭ দিনের মধ্যে আহবান করতে হবে।	প্রধান প্রকৌশলী (প্রযোজ্য ক্ষেত্রে দরপত্র আহ্বান; যথাশীঘ্র)
৭.	বৈদেশিক ঋণ সহায়তা প্রকল্পের আওতাধীন ৭টি প্রকল্পের ৫১১টি প্যাকেজ ও বিশেষ প্রকল্পের আওতাধীন ৭টি প্রকল্পের ৭২৬টি প্যাকেজের মোবিলাইজেশন কার্যক্রম সংক্রান্ত আলোচনার জন্য একটি পৃথক সভা আহবানের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।	বৈদেশিক ঋণ সহায়তা ও বিশেষ প্রকল্পের মোবিলাইজেশন কার্যক্রম সংক্রান্ত আলোচনার জন্য একটি পৃথক সভা আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়।	পানি সম্পদ মন্ত্রণালয়।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার

সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৫১.৯৯.০০২.১৯.৪২

তারিখ: ১৩ মাঘ ১৪২৭
২৭ জানুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার
ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়
২) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
৩) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪) যুগ্মসচিব (প্রশাসন/বাজেট ও অডিট/উন্নয়ন-০১/০২), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৬) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৭) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৮) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৯) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১০) প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন
বোর্ড/চট্টগ্রাম।/কুমিল্লা।/সিলেট।/রাজশাহী।/ফরিদপুর।/খুলনা।/বরিশাল।/রংপুর।
১১) প্রকল্প পরিচালক, Coastal Embankment Improvement Project, Phase-1 (CEIP-1)/Bangladesh Weather and Climate Services Regional Project (BWCSRP) Component-B: Strengthening Hydrological Information Services and Early Warning Systems (SHISEWS)/Flood and River Bank Erosion Risk Management Investment Program/Irrigation Management Improvement Project (IMIP)- for Muhuri Irrigation Project (MIP)/ South-West Area Integrated Water Resources Planning & Management Project (Phase-2)/ব্লু-গোল্ড প্রোগ্রাম (বাপাউবো কম্পোনেন্ট)/Haor Flood Management and Livelihood Improvement Project (BWDB Part)/বাংলাদেশের নদী ড্রেজিং এর জন্য ড্রেজার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি ক্রয়/সীমান্ত নদী তীর সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প (ফেজ-২)/৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন প্রকল্প (১ম পর্যায়)/পানি সম্পদ মন্ত্রণালয় ও সংস্থাসমূহের সক্ষমতা বৃদ্ধিকল্পে ছোট আকারের জলযান ক্রয়/সাঙ্গু ও মাতামহুরী নদীর বেসিন রোস্টোরেশনের নিমিত্ত সম্ভাব্যতা সমীক্ষা/কর্ণফুলী নদীর অববাহিকা উন্নয়ন ও ব্যবস্থাপনার লক্ষ্যে সম্ভাব্যতা সমীক্ষা (হালদা নদীসহ)/Feasibility for Re-excavation of Small & Medium Khals-beels in the Country, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
১২) উপসচিব (উন্নয়ন-০৪/১/২/৫/পরিকল্পনা-১/২অধিশাখা),পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (প্রশাসন-০২/উন্নয়ন-০৩/পরিকল্পনা-১/২/৩/৪/৫/৬ শাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৫) সিস্টেম এনালিষ্ট/ প্রোগ্রামার, আইসিটি শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সভার নোটিশ পানি সম্পদ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

মোঃ মমিনুর রহমান

উপসচিব